

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ২১, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
কমিটি বিষয়ক অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

প্রজ্ঞাপন

ঢাকা, ০৬ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ/ ২০ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০৫.১৯.১২—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'বাল্যবিবাহ প্রতিরোধের নিমিত্ত জাতীয় কমিটি' নিম্নরূপে গঠন করেছে :

(ক) কমিটির গঠন :

- |  |   |        |
|--|---|--------|
| ১. মন্ত্রী/প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়   | : | সভাপতি |
| ২. বেগম মেহের আফরোজ, মাননীয় সংসদ সদস্য, ১৯৮<br>গাজীপুর-৫<br>(স্পিকার কর্তৃক মনোনীত জাতীয় সংসদের একজন মহিলা<br>সদস্য) | : | সদস্য  |
| ৩. সচিব, জননিরাপত্তা বিভাগ   | : | সদস্য  |
| ৪. সচিব, স্থানীয় সরকার বিভাগ  | : | সদস্য  |
| ৫. সচিব, স্বাস্থ্যসেবা বিভাগ   | : | সদস্য  |
| ৬. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  | : | সদস্য  |
| ৭. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়   | : | সদস্য  |

( ১৫০৫ )

মূল্য : টাকা ৪.০০

৮. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ : সদস্য
৯. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ : সদস্য
১০. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় : সদস্য
১১. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় : সদস্য
১২. সচিব, তথ্য মন্ত্রণালয় : সদস্য
১৩. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় : সদস্য
১৪. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় : সদস্য
১৫. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় : সদস্য
১৬. সচিব, আইন ও বিচার বিভাগ : সদস্য
১৭. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় : সদস্য
১৮. চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা : সদস্য
১৯. মহাপরিচালক, গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয় : সদস্য
২০. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর : সদস্য
২১. মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মনোনীত অন্যান্য অতিরিক্ত সচিব/যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি : সদস্য
২২. চেয়ারম্যান, বাংলাদেশ শিশু একাডেমি : সদস্য
২৩. সচিব, জাতীয় মানবাধিকার কমিশন : সদস্য
২৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন : সদস্য
২৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি করপোরেশন : সদস্য
২৬. প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রাম, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় : সদস্য
২৭. কান্ট্রি ডিরেক্টর, ইউনিসেফ, বাংলাদেশ : সদস্য
- ২৮-২৯. সরকার কর্তৃক মনোনীত জেলা ও উপজেলা পর্যায়ে কার্যক্রম রয়েছে এরূপ প্রতিষ্ঠিত বাল্যবিবাহ প্রতিরোধ অথবা নারী ও শিশু অধিকার সম্পর্কিত দুইটি বেসরকারি সংস্থার (এনজিও) একজন করে প্রতিনিধি, যাদের মধ্যে একজন মহিলা হবেন :
- (১) মিজ রোকেয়া কবির, নির্বাহী পরিচালক, বাংলাদেশ নারী প্রগতি সংঘ : সদস্য
- (২) জনাব কে এম মোর্শেদ, পরিচালক, এডভোকেসি, ব্র্যাক সেন্টার, ব্র্যাক : সদস্য
৩০. অতিরিক্ত সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় : সদস্য-সচিব

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

## (খ) কমিটির কার্যপরিধি :

- (১) আইনের যথাযথ বাস্তবায়নকল্পে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান এবং বাল্যবিবাহ প্রতিরোধকল্পে জেলা কমিটির কার্যক্রম তদারকি ও সমন্বয় সাধন;
  - (২) বাল্যবিবাহ প্রতিরোধে চ্যালেঞ্জসমূহ চিহ্নিতকরণ এবং তা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও দিক-নির্দেশনা প্রদান;
  - (৩) বাল্যবিবাহ প্রতিরোধকল্পে সামাজিক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে কৌশলগত দিক-নির্দেশনা প্রদান;
  - (৪) বাল্যবিবাহ প্রতিরোধকল্পে প্রয়োজনীয় নীতি-নির্ধারণী সিদ্ধান্ত গ্রহণ এবং এতদসংক্রান্ত জাতীয় কর্মপরিকল্পনা ও নীতিসমূহের মধ্যে সমন্বয় সাধন; এবং
  - (৫) বাল্যবিবাহ প্রতিরোধ সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ।
- (গ) কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।
- (ঘ) কমিটি প্রয়োজনে কোনো ব্যক্তি বা সংস্থার প্রতিনিধিকে সদস্য হিসাবে কো-অপ্ট করতে পারবে।
- (ঙ) ক্রমিক নম্বর ২৮-২৯ এ বর্ণিত মনোনীত সদস্যগণ তাদের মনোনয়নের তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বৎসর মেয়াদে সদস্য পদে অধিষ্ঠিত থাকবেন; তবে শর্ত থাকে যে সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে যে কোনো সময়, কারণ দর্শানো ব্যতিরেকে, উক্তরূপ মনোনীত কোনো সদস্যকে সদস্য পদ হতে অব্যাহতি প্রদান করতে পারবে এবং মনোনীত কোনো সদস্যও সরকারের উদ্দেশ্যে স্থায়ী স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করতে পারবেন।
- (চ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
- ২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ড. আবু সালেহ মোস্তফা কামাল  
অতিরিক্ত সচিব (কঃ ও অঃ অধিশাখা)

ফোন : ৯৫৭১৬০০

e-mail: js\_economic@cabinet.gov.bd

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd